দৈনিক জনকণ্ঠ

৪২

তারিখ 30 MAR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা ৬ এপ্রিলের পরিবর্তে ২১ এপ্রিল শুক্রবার বিকাল ৩টা হতে ৫টা পর্যন্ত কৃষি বিশ্ববিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হবে। যোগ্য প্রার্থীদের নিকট ডাকযোগে পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে প্রেরণ করা হবে।

রেজিস্ট্রার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে উপজাতীয় ও অ-উপজাতীয় প্রার্থীদের মধ্যে জনসংখ্যার অনুপাত হারে প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে তিনটি সংরক্ষিত আসন নির্ধারিত থাকবে। নির্ধারিত ও সংরক্ষিত তিনটি আসনে ভর্তির সুযোগ লাভের জন্য বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অ-উপজাতীয় প্রার্থীদের মধ্যে যারা ইতোপূর্বে ভর্তির আবেদনপত্র দাখিল করেছে এবং যাদের এসএসসি ও এইচএসসি মিলিতভাবে সর্বমোট ১১০০ বা তদূর্ধ নম্বর রয়েছে এবং এইচএসসি গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও জীববিদ্যায় প্রত্যেকটিতে ন্যূনতম ৪০% নম্বর পেয়েছে তাদেরকে মার্কশীটের সত্যায়িত ফটোকপিসহ স্ব স্ব জেলা প্রশাসকের নিকট থেকে জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিতপ্রত্যয়ন পত্রসহ আগামী ৩ এপ্রিলের মধ্যে পূর্ব দাখিলকৃত ভর্তির আবেদনপত্রের ক্রমিক নম্বর উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত প্রেরণ করতে হবে। প্রেস বিজ্ঞপ্তি।